# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরীঃ/২০২৫/৬২(০৩) **তারিখ ঃ ১৯/০৩/২০২৫ খ্রি.**

**বিষয় ঃ <u>Exam Management System SSC 2025 এর ব্যবহার নির্দেশিকা।</u>**

**০১। ব্যবহার বিধি ঃ**

ক) শুধুমাত্র Chrome Browser ব্যবহার করবে ***dinajpurboard.gov.bd*** এর প্রবেশ করে Exam Management System SSC 2025-এ ক্লিক করে সেন্টার কোড ও পাসওয়ার্ড দিয়ে লিংকে প্রবেশ করবেন।

খ) **প্রবেশপত্র ঃ** প্রবেশপত্র বাটনে ক্লিক করে Print All-এ ক্লিক করলে সকল পরীক্ষার্থীদের প্রবেশপত্র এক সাথে দেখা যাবে এবং তা A4 সাইজের 80gm-এর অফসেট কাগজে প্রিন্ট দিতে হবে। শুধুমাত্র কেন্দ্র কর্তৃক প্রিন্টকৃত প্রবেশপত্র দিয়ে পরীক্ষা গ্রহণ করতে হবে।

গ) **স্বাক্ষরলিপি ঃ** স্বাক্ষরলিপিতে প্রবেশ করে সরাসরি প্রিন্ট নিতে পারবেন। PDF করতে চাইলে Ctrl+P দিয়ে প্রিন্ট অপশন আসলে Destination-এ Microsoft Print PDF না দিয়ে Save as PDF সিলেক্ট করে ফোল্ডারে Save করবেন। তারপর প্রিন্ট দিতে পারবেন। স্বাক্ষরলিপি অবশ্যই উভয় পৃষ্ঠায় প্রিন্ট দিতে হবে। কোনক্রমেই একই পরীক্ষার্থীর স্বাক্ষরলিপি দুই পাতায় নেয়া যাবে না।

ঘ) **Daily Examinee :** বিষয়ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা বের করতে পারবেন। একই দিনে একাধিক বিষয় থাকলে আলাদা আলাদা ভাবে বিষয় সিলেক্ট করে পরীক্ষার্থীর সংখ্যা বের করতে হবে।

ঙ) **Top-Sheet :** বিষয়ভিত্তিক টপসীট বের করবেন। অনুপস্থিত ও বহিস্কার রোল নম্বরগুলো বক্সে দিয়ে Submit করে Top Sheet-এ ক্লিক করে প্রিন্ট করবেন। একবার ভুল হলে আবার রোল নম্বরসমূহ Submit করে Top sheet সঠিক বের হবে।

চ) i) Seat Plan-এ ক্লিক করে Building-এ ক্লিক করতে হবে। Create New-এ ক্লিক করে বিল্ডিং-এর নাম দিয়ে Submit দিতে হবে। এভাবে কেন্দ্রে যতগুলো বিল্ডিং রয়েছে সবগুলো একইভাবে Create করতে হবে।

iii) এরপর Room-এ ক্লিক করে Create New-এ ক্লিক করে Building Name, Floor নম্বর Select করে রুম নাম ও নম্বর এন্ট্রি করে ঐ রুমের বেঞ্চের সারি নির্ণয়ের জন্য Number of Column এ কয়টি সারি আছে তা লিখতে হবে এরপর ১ম কলামে কতটি বেঞ্চ, ২য় কলামে কতটি বেঞ্চ এভাবে যতটি কলাম/সারি আছে তার বেঞ্চ সংখ্যা লিখে Submit করতে হবে।

**এভাবে যতগুলো বিল্ডিং আছে তাদের প্রত্যেকটি ফ্লোরের প্রত্যেকটি রুম সেট করতে হবে।**

ছ) উপরের কাজ সম্পন্ন হলে Seat Plan Print ক্লিক করে Room Wise Seat Plan, Summary ও রোল চিরকুট পাবেন।

**০২। ব্যবহারে সতর্কতা**

ক) যেহেতু স্বাক্ষরলিপিগুলো প্রবেশপত্র অনুযায়ী তৈরী হবে, তাই আগে প্রবেশপত্র প্রিন্ট করে ভুলত্রুটি সংশোধন প্রয়োজন হওয়ায় দেরীতে স্বাক্ষরলিপি প্রিন্ট করবেন। যে সকল পরীক্ষার্থী পরবর্তীতে বিষয় পরিবর্তন করবে, **<u>তাদের পরিবর্তিত বিষয় স্বাক্ষরলিপিতে লাল কালিতে পূর্বের বিষয়ের উপর লিখে দিতে হবে।</u>** এতে কোন ব্যত্যয় ঘটানো যাবে না। কারণ ফলাফল তৈরীর সময় বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে স্বাক্ষরলিপি চূড়ান্ত দলিল।

খ) সফট্ওয়্যার-এর ব্যাপারে পরামর্শ ***dinajpureducationboard@gmail.com*** ঠিকানায় Mail করতে পারবেন।

***বি:দ্র:- প্রত্যেক পরীক্ষার দিন Daily Examinee আবার প্রিন্ট বের করে সঠিক পরীক্ষার্থীর সংখ্যা আবার দেখে নিতে হবে।***

**প্রফেসর মীর সাজ্জাদ আলী**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি কেন্দ্র-২০২৫।

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে বিতরণ-**

০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৩। Website কপি।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরীঃ/২০২৫/৬৩(০৩) **তারিখ ঃ ১৯/০৩/২০২৫ খ্রি.**

**বিষয় ঃ <u>২০২৫ সালের এসএসসি পরীক্ষার Exam Management System SSC 2025 এর ব্যবহার এবং প্রবেশপত্র অনলাইন থেকে সংগ্রহ প্রসঙ্গে।</u>**

**উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০২৫ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্রসমূহ কেন্দ্রভিত্তিক অনলাইনে প্রদান করা হয়েছে।** শুধুমাত্র Chrome Browser ব্যবহার করে ***dinajpurboard.gov.bd***-এ প্রবেশ করে Exam Management System SSC 2025-এ ক্লিক করে Centre/Institute Code ও Password দিয়ে Login করে Admit-এ Click করলে Print All অপশন দেখাবে। এতে ক্লিক করলে সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র প্রদর্শিত হবে। সেখান থেকে সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র A4 সাইজের 80gm-এর অফসেট কাগজে প্রিন্ট করে নিতে হবে। এই প্রবেশপত্রে ডান পার্শ্বে "Centre/Institute Copy" লিখা থাকবে। শুধুমাত্র "Centre Copy" প্রবেশপত্র দিয়ে পরীক্ষার্থী কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে।

**প্রতিষ্ঠান ও কেন্দ্রের জন্য অবশ্যই পালনীয় বিষয়সমূহ :**

ক) প্রতিষ্ঠানসমূহ কেন্দ্র থেকে সমসংখ্যক প্রবেশপত্র (Centre Copy) সংগ্রহ করে পরীক্ষার্থীদের মধ্যে আগামী ২৫/০৩/২০২৫ তারিখের মধ্যে বিতরণ করবে।

খ) পরীক্ষা শুরুর পূর্বে প্রবেশপত্র সংশোধনের জন্য কোন ফি লাগবে না। পরীক্ষা শুরু হলে ২০০/- টাকা এবং পরীক্ষার পর থেকে ফল প্রকাশের পূর্ব পর্যন্ত ৪০০/- টাকা জরিমানা ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করা যাবে। এজন্য সংশোধিত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও প্রবেশপত্রসহ আবেদন করতে হবে।

গ) Exam Management System SSC-2025 থেকে পরীক্ষার্থীদের হাজিরা পত্র, প্রতিদিনের পরীক্ষার্থী (Daily Examinee), শিরোনামাপত্র (Top sheet), Seat Plan, Print Out বের করবেন। এই সফ্টওয়্যার ব্যবহারের জন্য পৃথক একটি নোটিশ দেয়া আছে।

**প্রফেসর মীর সাজ্জাদ আলী**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি কেন্দ্র-২০২৫।

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে বিতরণ-**

০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৩। Website কপি।